

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কথা বলার নির্দেশ, যার দ্বারা উদ্দেশ্য হলো অন্তর ব্যবহার করা; জবান দ্বারা কথা বলা উদ্দেশ্য নয়

[ذِكْرُ] لَفْظَةِ أَمْرٍ بِقَوْلٍ مُرَادُهَا اسْتِعْمَالُهُ بِالْقَلْبِ دُونَ النُّطْقِ بِاللِّسَانِ

আরবী

2655 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ ازُرِيْعِ حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عِيَاضٍ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَا صَلَّى أَحَدُكُمْ فَلَمْ يَدْرِ ثَلَاثًا صَلَّى أَمْ أَرْبَعًا فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ وَإِذَا أَتَى أَحَدَكُمُ الشَّيْطَانُ فَقَالَ: إِنَّكَ قَدْ أَحْدَثْتَ فَلْيَقُلْ: كَذَبْتَ إِلَّا مَا سَمِعَ صَوْتَهُ بِأُذُنِهِ أَوْ وجد ريحه بأنفه) كَذَبْتَ إلَّا مَا سَمِعَ صَوْتَهُ بِأُذُنِهِ أَوْ وجد ريحه بأنفه) الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2655 ا خلاصة حكم المحدث: ضعيف ـ ((ضعيف أبي داود)) (187).

বাংলা

২৬৫৫. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ সালাত আদায় করে, অতঃপর সে জানতে পারে না যে সে চার নাকি পাঁচ রাকা'আত সালাত আদায় করেছে, তবে সে যেন (সালাম ফেরানোর আগে) বসা অবস্থাতেই দুটি সাজদা করে। আর যখন তোমাদের কারো কাছে শয়তান এসে বলে, "নিশ্চয়ই তুমি বায়ু ত্যাগ করেছো!" তবে সে ব্যক্তি যেন বলে, "তুমি মিথ্যা বলেছো!" তবে যদি সে ব্যক্তি নাকে গন্ধ পায় অথবা কানে আওয়ায শুনতে পায় (তাহলে সালাত ছেড়ে দিয়ে ওযু করে আবার সালাত আদায় করবে)।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ১০২৯; তিরমিযী: ৩৯৬; তাহাবী: ১/৪৩২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ১৮৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন